দর্শনা কেরু চিনিকলের চাকরিচ্যুত শ্রমিকদের সংবাদ সম্মেলন

গতকাল বুধবার দুপুরে দর্শনা কেরু চিনিকলের(দৈনিক হাজিরার ভিত্তিতে) ৪২জন চাকরিচ্যুত শ্রমিকরা স্ব স্ব কাজে বহাল থাকতে দর্শনা প্রেস ক্লাবে এসে সংবাদ সম্মেলন করেছে।

আগামী শনিবার বিক্ষোভ ও মানব বন্ধনের কর্মসূচি ঘোষণাসহ থলের বিড়াল বের করে দেওয়ার হুমকি ও হুশিয়ারী উচ্চারণ করেছেন । চাকরিচ্যুত শ্রমিক রেজাউল করিম রেজা(৫৫), এহসানুল হক রাজিব (৪৮) হারুন অর রশিদ পান্না (৪৯)সহ ৪২ জন লিখিত বক্তব্যে জানান ১৯৯১ সাল থেকে এ পর্যন্ত ২শ ৬০টাকা হাজিরায় ইক্ষু সংগ্রহ বিভাগে কর্মরত ছিলাম।

এ মৌসুমেও ৩৯দিন কাজে বহাল থাকা অবস্থায় অদৃশ্য এক অপ শক্তি ও অবৈধ কালো টাকার প্রভাবে আমাদেরকে বিতাড়িত করা হয়েছে।

সংবাদ সম্মেলনে চাকরিচ্যুত শ্রমিক এহসানুল হক রাজিবসহ সকলেই এক বাক্যে বলেন, আচার্য হলেও সত্য ২০থেকে ৩০বছরে আমরা সেটাপে যেতে পারলাম না , কিন্তু কেউ কেউ লক্ষ লক্ষ টাকা দিয়ে রাতারাতি সেটাপে অর্থাত আমাদের জায়গাটা পূরণ করে দেয়া হলো ।

চাকরিচ্যুত শ্রমিকরা প্রেস ক্লাবে চিল্লিয়ে একসাথে বলে উঠলেন এর জন্য কেরুজ শ্রমিক ইউনিয়ন দায়ী। এলাকার জনগণ খুব শীঘ্রই তাদের বিরুদ্ধে ফুসে উঠবে, বিচার করবে। কান্না বিজড়িত কন্ঠে শ্রমিকরা লিখিত অভিযোগে সাংবাদিকদের কাছে জানিয়েছেন এ বয়সে আমরা এখন কি করবো স্ত্রী সন্তান নিয়ে কোথায় যাবো, আমাদের আত্মহত্যা করা ছাড়া কোন উপায় নাই।

পরিশেষে প্রধান মন্ত্রী শেখ হাসিনার কাছে এ ভাবে চাকরি ফিরে পাওয়ার আকুতি জানিয়ে সংবাদ সম্মেলন করেন । এ বিষয়ে কেরুজ শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সভাপতি মো তৈয়ব আলি ও সাধারণ সম্পাদক মাসুদুর রহমান জানান আমরা সব সময়ই শ্রমিক ও কর্মচারীদের পক্ষে ছিলাম ও আছি, এদেরকে কাজে পুনর্বহাল করার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছি।

কেরু চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক মো আবু সাইদ জানান ঐ শ্রমিকরা দীর্ঘদিন যাবত দৈনিক হাজিরার ভিত্তিতে কাজ করে আসছে, তাদের ভাগ্যের পরিবর্তন কেনো হলোনা সেটা আমার বোধগম্য না, তাদের কোন সেটাপও নাই, তারা খুবই দুর্বিসহ জীবন যাপন করছে, তবে উর্দ্ধতন কতৃপক্ষের সাথে আলোচনা করে সমাধান করা যায় কিনা তা দেখা হবে।

দর্শনায় ফসলের জমি ও বনজ সম্পদ নষ্ট না করে একটি সৃজনশীল মিটার স্কেল স্থাপনের দাবী কৃষকদের

ফসলের জমিতে মিটার স্কেল স্থাপন হচ্ছে। ফলে প্রায় ১০ একর ফসলের জমি ও প্রায় দেড় বিঘা জমির বনজ সম্পদ হারিয়ে যাবে। জমির মালিকদের দাবী শুধুমাত্র মিটার স্কেলের জন্য এত জমির ফসল ও বনজ সম্পদ নষ্ট করার প্রয়োজন আছে কি-না তা একবার ভেবে দেখা দরকার কর্তৃপক্ষের।

এছাড়া যে সকল মিটার স্কেল দেশে রয়েছে তার কার্যকারীতা কতটুকু আছে তা দেখার প্রয়োজন। এছাড়া দর্শনা রেলগেট সংলগ্ন বিশাল এলাকা জুড়ে মিটার স্কেল স্থাপনের কার্যক্রম শুরু হয়েছে। ইতোমধ্যে জমি অধিগ্রহণের জন্য সার্ভে হয়েছে। গতকাল সোমবার বনজ সমম্পদ কর্মকর্তা কি পরিমাণ বনজ সম্পদ নষ্ট হচ্ছে এবং মূল্য নিধারণের জরিপ করেছে।

এদিকে জমির ঠিক মূল্য পাওয়া নিয়ে কৃষকদের মধ্যে শঙ্কা দেখা দিয়েছে। বাপ-দাদার জমি হারিয়ে কান্নায় ভেঙ্গে পড়েন বেশ কয়েক জন কৃষক। যে মাটির গন্ধ নিয়ে তাদের দিন কেটে যেত, সেই মাটিকে হারিয়ে স্থবির হয়ে পড়েছে কৃষকরা।

সরকারের প্রতি কৃষকদের দাবী দর্শনা রেলগেট থেকে তালবাগান পর্যন্ত এত ফসলের জমি ক্ষতিগ্রস্থ না করে সড়কের দু-পাশের পড়ে থাকা জমিতে

মিটার স্কেল করে ফসলি জমি রক্ষা করা যায় কিনা ভেবে দেখা। কারণ দেশের বিভিন্ন স্থানে মিটার স্কেলগুলো সত্যিকারের কার্যকারিতা আছে কি-না দেখা প্রয়োজন।

ঢাকা যাওয়া আসার পথে যুমুনা সেতুর পারাপারে ওভার লোডিং যানবহন গুলো লক্ষ্য করলে দেখবেন। সেতু পারাপারের আগে ওভার লোড কমিয়ে অন্য একটি মিনি ট্রাকে বহন করে সেতু পার হয়ে আবার পূর্বের ন্যয় ওভার লোডিং করে কর্তৃপক্ষের চোখ ফাঁকি দিয়ে চলাচল করছে বলে একজন ট্রাক ড্রাইভার এ প্রতিনিধিকে জানালেন।

এছাড়া মিটার স্কেলে ওজন করার সময় লোড কমিয়ে স্লিপ নিয়ে পুনরায় লোডিং করে দিব্বি চলাচল করছে। দর্শনা পৌর এলাকার সড়ক পথগুলো বিভিন্ন স্থানে দেবে গেছে। এছাড়া কোথাও কোথাও পিচ উঠে সড়ক পথ ক্ষতিগ্রস্থ হচ্ছে। ফলে মিটার স্কেল স্থাপন করে ফসলের জমি নষ্ট না করে যে সকল মিটার স্কেল দেশে রয়েছে তার কার্যকারিতা রক্ষা করার দাবী করেছে এলাকাবাসী।

.

এছাড়া দর্শনা রেলগেট থেকে দর্শনা তাল বাগান পর্যন্ত সড়কের পাশে বিশাল গর্ত বা হন্দর পড়ে আছে, সেখানে ফসলেন জমি বা বনজ সম্পদ নষ্ট না করে একটি সৃজনশীল মিটার স্কেল স্থাপন করা যায় কি-না কর্তৃপক্ষের ভেবে দেখা প্রয়োজন বলে এলাকার কৃষকরা দাবী করেছেন।

দর্শনায় গাঁজাসহ ১ জন আটক

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ১(এক) কেজি গাঁজাসহ মোঃ সিরাজুল ইসলামকে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ জানায়, দর্শনা থানাধীন মদনা-হৈবতপুর এর শহীদ পাঁচ কবর স্মৃতিসৌধের সামনের তিন রাস্তার উপর হতে ০১ (এক) কেজি গাঁজাসহ আসামি মোঃ সিরাজুল ইসলাম (৪৬) কে গ্রেফতার করা হয়।

আসামি সিরাজুল ইসলাম চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার ছোট বলদিয়া গ্রামের মোঃ গোলাম রহমানের ছেলে। পুলিশ জানায় গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

দর্শনায় ৪র্থ বার মেয়র নির্বাচিত হলেন মতিয়ার রহমান

নিরাপত্তা ব্যবস্থার মধ্যে দিয়ে কোন অপ্রীতিকর ঘটনা ছাড়াই শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন হয়েছে দর্শনা পৌর নির্বাচন। এ নির্বাচনে বিপুল ভোটের ব্যবধানে নোকা প্রতীক নিয়ে ৪র্থ বার মেয়র নির্বাচিত হয়েছেন মতিয়ার রহমান।

ধানের শীষ প্রতীক নিয়ে হাবিবুর রহমান বুলটের ভরাডুবি হয়েছে। স¦তন্ত্র প্রার্থী জামায়াত নেতা আশকার আলী রয়েছেন ৩য় অবস্থানে। গতকাল শনিবার সকাল ৮ টা থেকে বিরতিহীনভাব বিকাল ৪ টা পযন্ত ভোট গ্রহণ করা হয়।

এ নির্বাচনে দর্শনা পৌর মেয়র পদে ৩, সংরক্ষিত মহিলা আসনের কাউন্সিলর পদে ৮ ও সাধারণ কাউন্সিলর পদে ৩৯ জন প্রার্থী ভোট যুদ্ধে লড়াই করেন। সুষ্টু ও শান্তিপূর্ণ নির্বাচনের লক্ষ্যে ৯ টি ওয়ার্ডে ৯ জন নির্বাহী ম্যাজিস্ট্রেট, অসংখ্য পুলিশ-আনসার ছাড়াও মাঠে ছিলো ৩ প্লাটুন বিজিবি ও ২ প্লাটুন র্যাব। এ ছাড়া চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও পুলিশ সুপারসহ উর্দ্ধতন কর্মকর্তারা পরিদর্শন করেছেন।

এবারের নির্বাচনে ৯টি ওয়ার্ড, ১৬ টি ভোট কেন্দ্রে ও ৮২ টি বুথে গোপন ব্যালোটের মাধ্যম ভোট গ্রহণ করা হয়েছে। দর্শনা পৌরসভায় মোট ভোটারের সংখ্যা ২৭ হাজার ৫২০জন। ভোট পোল হয়েছে ১৯ হাজার ৬৫৩ ভাট। বাতিল হয়েছে ২৯০ ভোট। এ নির্বাচনে আ. লীগ মনোনীত মতিয়ার রহমান নৌকা প্রতীকে ১৭ হাজার ৭৩৬ ভোট পেয়ে ৪র্থ বারের মতো মেয়র নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদদ্বী ধানের শীষ প্রতীকে হাবিবুর রহমান বুলেট পেয়েছেন ১ হাজার ১৯৪ ও সতন্ত্র প্রার্থী জামায়াত নেতা আশকার আলী মোবাইল ফোন প্রতীকে পেয়েছেন ৪৩৩ ভোট।

এ দিক বেলা সাড়ে ১১ টার দিকে সাংবাদিক সম্মলনের মাধ্যমে নির্বাচন বর্জনের ঘোষণা দেন বিএনপি সমর্থিত প্রার্থী হাবিবুর রহমান বুলেট। তিনি ক্ষমতাশীন দলের নেতাকর্মীদের বিরুদ্ধ অভিযোগ তুলেই

নির্বাচন বর্জন করেছেন। এ দিক ১, ২ ও ৩ নং সংরক্ষিত মহিলা ওয়ার্ড বিলকিছ খাতুন (চশমা) প্রতীক ৩৪৩১ ভোট, ৪,৫ ও ৭ নং ওয়ার্ড জাহানারা খাতুন (চশমা) প্রতীক ৩০৩২ ভোট ও ৬, ৮ ও ৯ নং ওয়ার্ড সুরাতন নেছা (আনারস) প্রতীক ২৩৬৬ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন।

৯টি ওয়ার্ডের সাধারণ কাউন্সিলরদের মধ্য ১ নং ওয়ার্ড এর হাসান খালেকুজ্জামান (পানির বাতল) প্রতীক ৬৬৪, ২ নং ওয়ার্ড এনামুল কবির (পাঞ্জাবী) প্রতীক ৮৯৩, ৩ নং ওয়ার্ড রবিউল হক সুমন (উটপাখি) প্রতীক ১৮৫০, ৪ নং ওয়ার্ড মনির সরদার (ব্রীজ) প্রতীক ১২৯২, ৫ নং ওয়ার্ড সাইফুল ইসলাম মুকুল (ডালিম) প্রতীক ৬৩২, ৬ নং ওয়ার্ড রেজাউল ইসলাম (পানির বাতল) প্রতীক ১০৪৯, ৭ নং ওয়ার্ড সাব্বির হোসেন মিকা (পাঞ্জাবী) প্রতীক ৫১২, ৮ নং ওয়ার্ড বিল্লাল হাসান (উটপাখি) ৯১৮ ও ৯ নং ওয়ার্ড আশুর উদ্দিন (উটপাখি) প্রতীক ৬২৪ ভাট পেয়ে নির্বাচিত হয়েছেন। সন্ধ্যায় দর্শনা অডিটোরিয়াম কমিউনিটি সেন্টার দর্শনা পৌর নির্বাচনের কট্রোল রুম থেকে ফলাফল ঘোষণা করেন জেলা নির্বাচন অফিসার তারেক আহম্মেদ।

উপস্থিত ছিলেন উপজেলা নির্বাচন অফিসার ইসাহাক আলী।

দর্শনা পৌরসভা নির্বাচন উপলক্ষে আইনশৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা

আগামী ৩০শে জানুয়ারী দর্শনা পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নিয়ে আইনশৃঙ্খলা ও আচরণ বিধিমালা প্রতিপালন বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর ১২ টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদ সভা কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মো: নজরুল ইসলাম সরকার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার মো: জাহিদুল

ইসলাম, চুয়াডাঙ্গা জেলা নির্বাচন অফিসার তারেক আহম্মেদ, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যন আলী মুনছুর বাবু।

এছাড়াও উপস্থিত ছিলেন দামুড়হুদা সার্কেল আবু রাসেল, দামুড়হুদা উপজেলা নির্বাচন অফিসার ইসহাক আলি, দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহবুবুর রহমান, দর্শনা পৌরসভার বর্তমান মেয়র ও আওয়ামী লীগের (নৌকা) প্রার্থী মতিয়ার রহমান, জাতীয়তাবাদী দল বিএনপি (ধানের শীষ) প্রার্থী হাবিবুর রহমান বুলেট ও জামায়াত সমর্থিত (মোবাইল) প্রার্থী আশকার আলী, সকল ওর্য়াড কাউন্সিলর প্রার্থীরাসহ সাংবাদিক, আইন শৃঙ্খলা বাহিনীর কর্মকর্তা-কর্মচারী প্রমুখ।

বিশেষ অতিথির বক্তব্যে পুলিশ সুপার মো: জাহিদুল ইসলাম বলেন, দর্শনা পৌরসভার সাধারণ নির্বাচন আবাধ-সুষ্ঠু করতে কঠোর থেকে কঠোর অবস্থানে যাবে পুলিশ।

জেলা প্রশাসক মো: নজরুল ইসলাম সরকার বলেন, দামুড়হুদা উপজেলার দর্শনা পৌরসভার সাধারণ নির্বাচনে কোন ধরণের অনিয়ম হতে দেওয়া হবেনা। যদি কেউ নির্বাচন নিয়ে নোংরামো করতে আসে তবে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। সুষ্ঠু নির্বাচনের লক্ষে কোনো প্রকার অনিয়ম সহ্য করা হবে না। এ নির্বাচনে নির্বাচনী এলাকায় ৯ জন নির্বাহী ম্যাজিস্ট্রেট ও প্রতিটি ওর্য়াডে ১ জন করে নির্বাহী ম্যাজিস্ট্রেট দায়িত্বে থাকবেন। এছাড়াও নির্বাচনী এলাকায় পর্যাপ্ত পরিমাণ পুলিশ, র্যাব বিজিবিসহ আইনশৃঙ্খলা বাহিনী নিয়োজিত থাকবে।

জনগণের কথা বিবেচনা করে এবং তাদের যেন কোন স্বাস্থ্য ঝুঁকি না থাকে সে কারণে স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে ভোট কেন্দ্রে যাওয়ার আহবান জানান।

দর্শনায় মাদক ব্যবসা করায়

স্ত্রীকে তালাক

চুয়াডাঙ্গা জেলার দর্শনার মোহাম্মদপুরে স্বামীর চোখ ফাঁকি দিয়ে ফেনসিডিল ব্যবসা করায় স্ত্রীকে তালাক দিয়েছে স্বামী। জানা যায়, দর্শনার মোহাম্মদপুর মসজিদ পাড়ার বাসিন্দা মোঃ জনি ড্রাইভার
(৪০) এর স্ত্রী মোছাঃ শারমিন বেগম গোপনে ফেনসিডিল এর ব্যবসা করতেন।

এ বিষয়ে স্বামী মোঃ জনি তার স্ত্রী শারমিন বেগমকে বেশ কয়েকবার মানা করেন ফেনসিডিল এর ব্যবসা না করার জন্য। কিন্তু শারমিন বেগম তার স্বামীর কথা না শুনে গোপনে দীর্ঘদিন এই মাদক ব্যবসা করে আসছিল।

গতকাল শারমিন বেগম এর শ্বশুর ও শাশুড়ির কাছে হাতে নাতে ধরা পড়ে। শ্বশুর ও শাশুড়ি বলেন, তাদের ছেলের বউ শারমিন বেগম বাথরুমে ২০০ বোতল লুকিয়ে রাখে কিন্তু সেটা আমাদের চোখে পড়ে যায় এই বিষয়ে আমি আমার ছেলেকে সাথে সাথে জানালে আমার ছেলে বাসায় এসে তার স্ত্রী কে আর রাখবে না বলে সিদ্ধান্ত নেয় এবং বলে এতবার মানার পরে এই অসৎ কাজে আবার যুক্ত হয়ে আমাদের মান সম্মান নষ্ট করেছে তাই আমি এই বউ আর রাখবো না।

সাথে সাথে তালাক দিয়ে দেন স্বামী মোঃ জনি ড্রাইভার। জানা যায়, শারমিন বেগম ২ সন্তানের জননী। চুয়াডাঙ্গা কোর্ট আদালতে এড্যাভোকেট আসলাম উদ্দীনের স্বাক্ষর এ তালাক হয়। এ বিষয়ে শারমিন বেগম দর্শনা থানায় অভিযোগ করেছেন।

দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির মতিবিনিময় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার প্রাণ কেন্দ্র দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির আয়োজনে মতবিনিময়সভা অনুষ্ঠিত হয়ছে। গতকাল শনিবার সন্ধ্যায় প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত

হয়।

প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরুর সভাপতিত্বে আলোচনা করেন, সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হাসোন, সাধারণ সম্পাদক এসএম ওসমান, সহসভাপতি কামরুজ্জামান যুদ্ধ, সহ-সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান কচি, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক তারিক জামান, প্রেসক্লাবের সাবক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ।

ক্লাবের সাবেক সভাপতি ইকরামুল হক পিপুলের উপস্থাপনায় আরো আলাচনা করেন দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হারুন রাজু, সহসভাপতি জাহিদুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সাংগঠনিক ও অর্থ সম্পাদক মাহমুদ হাসান রনি, সাহিত্য, সাংস্কৃতিক ও ক্রিড়া বিষয়ক সম্পাদক রাজিব মল্লিক, দপ্তর সম্পাদক সাব্বির আলীম, কার্যনির্বাহী সদস্য ইয়াছির আরাফাত মিলন, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন।

অন্যান্যদের মধ্যে ছিলেন, জিল্লুর রহমান মধু, মাসুম বিল্লাহ, ইমতিয়াজ আহমেদ রয়েল, আ. রহমান, ওয়াসিম রয়েল, সুজন মাহামুদ, ফরহাদ হোসেন, আবিদ হাসান রিফাত, আ. হান্নান প্রমুখ। সভায় সর্বসম্মতিক্রমে প্রেসক্লাবের গঠনতন্ত্র সংশোধনে এফএ আলমগীরকে আহবায়ক, হানিফ মন্ডল ও মাসুম বিল্লাহকে যুগ্ন আহবায়ক করে কমিটি গঠন করা হয়েছে। আগামী বৃহস্পতিবারের মধ্যে গঠনতন্ত্র সংশাধনী প্রেসক্লাবে জমা দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

দর্শনার কুড়ুলগাছিতে ধানের চারা রোপণের উপর কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার দর্শনার কুড়ুলগাছিতে রাইচ ট্রান্সপ্লান্টের মাধ্যমে ধানের চারা রোপণের উপর কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। গতকাল বিকাল ৪ ঘটিকার সময় কনিকা সীড কোম্পানির ম্যানেজার মোঃ

[redacted]

[redacted]

সদস্য এফএ আলমগীর, চঞ্চল মেহমুদ ও হানিফ মন্ডল। উপস্থিত ছিলেন, সাংবাদিক জিল্লুর রহমান মধু।

প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির নবগঠিত কমিটির সকলকে অভিনন্দন জানিয়েছেন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য ও দর্শনা প্রেস ক্লাবের প্রধান পৃষ্ঠপোষক হাজী মোঃ আলী আজগার টগর, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র ও প্রেস ক্লাবের উপদেষ্টা মতিয়ার রহমান, দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহব্বুর রহমান কাজল, ইন্সপেক্টর (তদন্ত) শেখ মাহবুবুর রহমান, কেরুজ চিনিকলের এডিএম শেখ শাহাব উদ্দীন ও দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি নুরুন নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, হিজলগাড়ি প্রেস ক্লাবের সভাপতি আরিফ হাসান, সাধারণ সম্পাদক সেলিম উদ্দিন।

দর্শনা থানা পুলিশের অভিযানে ফেন্সিডিলসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ১৬ বোতল ফেন্সিডিলসহ জাহিদুল ইসলাম (৩০) কে গ্রেফতার করা হয়েছে ।

পুলিশ জানায় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান কাজলের নেতৃত্ব, এসআই মোঃ সাইফুল ইসলাম, এএসআই মোঃ মহিউদ্দিন সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনার সুলতানপুর গ্রামের জৈনক ইলিয়াস মোল্লার ফাঁকা জমির উপর থেকে ১৬ বোতল ফেন্সিডিলসহ আসামি জাহিদুল ইসলাম কে গ্রেফতার করে। আসামি জাহিদুল ইসলাম চুয়াডাঙ্গা জেলার দর্শনার সুলতানপুরের দক্ষিণপাড়ার জান মোহাম্মদ এর ছেলে।

পুলিশ আরও জানায় আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে। এ বিষয়ে দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান কাজল বলেন, দর্শনা কে মাদকমুক্ত করতে পুলিশ প্রসাশনের পাশাপাশি জনসাধারণের সহযোগিতা থাকলে আমরা খুব দ্রুত দর্শনাকে মাদকমুক্ত করতে পারবো।